সৃষ্টিসন্ধান

আমার অক্ষরেরা সম্পূর্ণ অ্যাডালট্
অনায়াসে তোমরা নিয়ে যেতে পারো
হোটেলে - পার্কে - রেস্তঁরায়

নিয়ে গেলেই দেখবে
আমার অক্ষরেরা

গান হয়ে ঝরে পড়ছে
চায়ের পেয়ালায়, ওমলেটে

কথার পৃষ্ঠে যখন তোমরা
বুনবে কথাদের চাঁদ
তখন অক্ষরেরা তোমাদের
চোখে - মুখে
ছড়াবে গীতবিতানের সুর

আমার অক্ষরেরা আজ
সম্পূর্ণ অ্যাডালট্---
পানপাত্রে রাখলেও দেখবে
অক্ষরের মুখ থেকে ঝরে পড়ছে
অজস্র বিজ্ঞাপন

সে বিজ্ঞাপন এক-একটা
চাঁদডানার
নৃত্য ময়ূরীর
সন্ধ্যাতারা, আর সমুদ্রঘুঙুরের....

শীতল চৌধুরী